**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 1↵-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গের সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন এবং আসামের নগাঁও জেলার কালিয়াবরে ছয় হাজার ৯৫০ কোটি টাকারও বেশি মূল্যের কাজিরাঙ্গা এলিভেটেড করিডোর প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।**

**(২) কেন্দ্রীয় মন্ত্রী জিতন রাম মাঝি আজ নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী বিশ্বকর্মা হাট 2026 -এর উদ্বোধন করেছেন।**

**(৩) আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে আগরতলার ছাত্র সংঘ ক্লাবে ১২ লক্ষ টাকা ব্যয়ে একটি এ্যাম্বুলেন্স প্রদান করেছেন।**

******************************************************

## PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গের সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রধানমন্ত্রী বলাগড়ে এক্সটেন্ডেড পোর্ট গেট সিস্টেমের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন, যার মধ্যে একটি অভ্যন্তরীণ জল পরিবহন আইডব্লিউটি টার্মিনাল এবং একটি রোড ওভার ব্রিজ অন্তর্ভুক্ত রয়েছে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন যে এই সমস্ত কেন্দ্রীয় প্রকল্প পশ্চিমবঙ্গের উন্নয়নকে ত্বরান্বিত করবে। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার একটি উন্নত পূর্ব ভারতের লক্ষ্য পূরণে কাজ করছে। প্রধানমন্ত্রী তিনটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করেন। অনুষ্ঠানে রাজ্যপাল ডাঃ সিভি আনন্দ

বোস, কেন্দ্রীয় মন্ত্রী ডাঃ সুকান্ত মজুমদার, শান্তনু ঠাকুর, পশ্চিমবঙ্গের বিরোধীদল নেতা শুভেন্দু অধিকারী প্রমুখ উপস্থিত ছিলেন।

তার আগে প্রধানমন্ত্রী আজ আসামের নগাঁও জেলার কালিয়াবরে ছয় হাজার ৯৫০ কোটি টাকারও বেশি মূল্যের কাজিরাঙ্গা এলিভেটেড করিডোর প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ৮৬ কিলোমিটার দীর্ঘ কাজিরাঙ্গা এলিভেটেড করিডোর প্রকল্পটি একটি পরিবেশ সচেতন জাতীয় মহাসড়ক প্রকল্প। কালিয়াবরের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন যে কাজিরাঙ্গা কেবল একটি জাতীয় উদ্যান নয় বরং এটি আসামের আত্মা। তিনি আরও বলেন যে, ইউনেস্কো কাজিরাঙাকে বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে স্বীকৃতি দিয়েছে। প্রধানমন্ত্রী মোদী বলেন, গত এক দশকে দেশে বন ও বৃক্ষরোপণ বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, →এক পেড় মা কে নাম" অভিযানের আওতায় এখন পর্যন্ত ২৬০ কোটিরও বেশি গাছ লাগানো হয়েছে। শ্রী মোদী বলেন, ভারত বিশ্বকে দেখিয়ে দিচ্ছে যে প্রকৃতি এবং উন্নয়ন একসাথে এগিয়ে যেতে পারে। প্রধানমন্ত্রী বলেন, বিজেপি দেশের সকলের প্রথম পছন্দ হয়ে উঠেছে।

####### Byte PM #######

প্রধানমন্ত্রী আসামের নগাঁও জেলার কালিয়াবরে দুটি নতুন অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করেন। প্রধানমন্ত্রী জীববৈচিত্র্য রক্ষা করার জন্য জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন।

******************************

**Vishwakarma Haat :**

কেন্দ্রীয় অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প মন্ত্রী জিতন রাম মাঝি আজ নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী বিশ্বকর্মা হাট 2026 এর উদ্বোধন করেছেন৷ উদ্বোধনী ভাষণে শ্রী মাঝি এমএসএমইগুলিকে দেশের উন্নয়নের মেরুদণ্ড হিসাবে বর্ণনা করেন। তিনি

বলেন, এই অনুষ্ঠানটি কারিগরদের পণ্যের ব্র্যান্ডিং এবং বিপণনের জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করছে।

প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনার কথা তুলে ধরে তিনি বলেন যে এই প্রকল্পটি দেশের বেকারত্ব দূর করার একটি মাধ্যম। তিনি অনুষ্ঠানে অংশগ্রহণকারী কারিগরদের  প্রশংসা করে বলেন, আগামী দিনে, এই কারিগররা উদ্যোক্তা হিসেবে আবির্ভূত হবেন এবং বিকশিত ভারতের যাত্রায় অবদান রাখবেন।

*****************************

**Saras Mela – Unakoti:**

তিনদিনব্যাপী ঊনকোটি জেলাভিত্তিক সরস মেলার আজ দ্বিতীয় দিন। পেচারথল স্কুল মাঠে আয়োজিত এই সরস মেলায় এবারের ভাবনা হচ্ছে "দিদিদের স্বনির্ভরতার পথে, স্বদেশী পণ্যের সাথে।"মেলায় মোট ৭৩ টি স্টল খোলা হয়েছে। এরমধ্যে ৫৫ টি সহায়ক দলের স্টল। উল্লেখ্য, শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তনা চাকমা গতকাল এই মেলার উদ্বোধন করেন।

*****************************

**Sahitya Academy:**

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের ভারতীয় সাহিত্য একাডেমীর উদ্যোগে আজ আগরতলার নজরুল কলা ক্ষেত্রে একাডেমির অডিটরিয়ামে পূর্ব ভারতীয় বিভিন্ন ভাষায় ভক্তিমুলক সাহিত্য নিয়ে এক আলোচনাচক্রের আয়োজন করা হয়।  আলোচনাচক্রের উদ্বোধন করেন সাহিত্য একাডেমির পূর্বাঞ্চলীয় সদস্য রাজেন তৈজাম্বা | উপস্থিত ছিলেন বিশিষ্ট ককবরক সাহিত্যিক বিকাশ রায় দেববর্মা। স্বাগত ভাষণ দেন আগরতলায় একাডেমির উত্তর-পূর্বের  মৌখিক সাহিত্য কেন্দ্রের অধিকর্তা ড. নির্মল দাশ। অনুষ্ঠানের বিভিন্ন পর্বে গবেষণা ধর্মী

আলোচনায় এই অঞ্চলে বাংলা, মৈথিলি, নেপালি, ওড়িয়া, অহমিয়া, বোড়ো ও সাঁওতাল ভাষায় ভক্তিসাহিত্যের বিভিন্ন দিক তুলে ধরা হয়|

*****************************

**Mayor Blood Donation :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ আগরতলা প্রেসক্লাবে সেবা ও সহায়তা পরিষদ সামাজিক সংস্থার উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন। তিনি রক্তদানের গুরুত্ব তুলে ধরে সকলকে নিয়মিত ভাবে রক্তদানে এগিয়ে আসার আহবান জানান। শিবিরে ২৪ জন রক্তদান করেন। উপস্থিত ছিলেন আগরতলা প্রেস ক্লাবের সভাপতি প্রণব সরকার সহ অন্যান্যরা।

*****************************

**Health Camp :**

ধলেশ্বর ব্লু লোটাস ক্লাবের ৫৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ধলেশ্বরী উৎসবের অঙ্গ হিসেবে আজ ক্লাব প্রাঙ্গণে মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিনামূল্যে রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে ওষুধ বিতরণ করা হয়। ১৩৫ জন রোগী এই চিকিৎসা পরিষেবার সুযোগ গ্রহণ করেন। মা ঊষা চেরিটেবল ট্রাস্টের সহযোগিতায় এই স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়।

*****************************

**Samabhumi:**

দক্ষিন জেলার বাইখোড়ার চড়কবাইয়ে আজ সমভূমি সামাজিক সংস্থার দশম বর্ষ পূর্তি উপলক্ষ্যে সমভূমি গ্রন্থাগার, পাঠাগার ও লিটল ম্যাগাজিন সংগ্রহশালায় দশম সমভূমি সাহিত্য উৎসবের সূচনা করেন শান্তিরবাজার প্রেস ক্লাবের সভাপতি বরিষ্ঠ সাংবাদিক সজল কান্তি বৈদ্য। অনুষ্ঠানে দশম সমভূমি

সাহিত্যপত্র কবিতায় স্বতন্ত্র কারিগর আকমাল প্রকাশ করেন কবি উমাশঙ্কর রায়। আসামের নাট্যকার সিদ্ধার্থ শেখর পাল চৌধুরী ও কবি এ.এস হোসেন আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন উদ্বোধনী অনুষ্ঠানে। সাহিত্য উৎসবে কবি উমাশঙ্কর রায়কে সমভূমি সাহিত্য সম্মান ও ভাস্কর্য শিল্পী বিদ্যুৎ দেবনাথকে সমভূমি শিল্পী সম্মান প্রদান করা হয়।

****************************

**Bodhjung School Alamni :**

বোধজং স্কুল অ্যালামনির ১৯-তম পুনর্মিলন উৎসব উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে আজ বাৎসরিক ম্যাগাজিন কালক্রমের ১৯ তম সংকলনের আনুষ্ঠানিক উন্মোচন করা হয়। স্কুলে পাঠরত মেধাবী ছাত্রদের মধ্যে স্কলারশিপ প্রদান এবং  প্রাক্তন ছাত্র ও তাদের পরিবারের সদস্যদের নিয়ে দিনভর বিনোদনমূলক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। বোধজং স্কুল অ্যালামনির সম্পাদক ভাস্কর সাহা জানিয়েছেন এবছর থেকে বিপিএল অন্ত্যোদয় সাহায্য যোজনা নামে একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে যেখানে স্কুলের দুঃস্থ ছাত্রছাত্রীদের পড়াশোনার ব্যায়ভার গ্রহন করা হবে। তিনি জানান, এই অ্যালামনি সারা বছর বিভিন্ন সামাজিক কাজ করে থাকে, যা আগামীতেও জারি থাকবে। অনুষ্ঠানে এলামনির সভাপতি দিলীপ কুমার পাল সহ স্কুলের প্রাক্তন ছাত্ররা উপস্থিত ছিলেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**Mayor Ambulance :**

বিধায়ক তথা আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে আগরতলা কৃষ্ণনগর ছাত্র সংঘ ক্লাবে ১২ লক্ষ টাকা ব্যয়ে একটি এ্যাম্বুলেন্স প্রদান করেন। এই উপলক্ষে ক্লাবের উদ্যোগে আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজনও করা হয়। অনুষ্ঠানে মেয়র রক্তদানের মতো সামাজিক কাজে এগিয়ে আসার জন্য  সবার প্রতি আহ্বান জানান। শিবিরে মোট ৩১ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*****************************

**Sustainable farming -PM :**

আমাদের কৃষক সত্যিই দেশের খাদ্য ভান্ডারকে নিজেদের পরিশ্রমে পরিপূর্ণ করে রাখেন| সেজন্যই আমাদের দেশ নিজের শক্তিকে সংহত করার প্রয়াসে নিশ্চিতভাবে এগিয়ে চলেছে| প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কথা অনুসরণ করেই ভারতে সুস্থায়ী কৃষির জন্য মাটির স্বাস্থ্য, জল সংরক্ষণ, রাসায়নিক সারের ব্যবহার কমানোর মত গুরুত্বপূর্ণ বিষয়ে কাজ করে চলেছেন আমাদের অন্নদাতারা| একটি প্রতিবেদন |

########V/O########

*****************************

**JEE Main'26:**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি (NTA) জেইই, মেইনস ২০২৬ সেশন ওয়ান পরীক্ষার অ্যাডমিট কার্ড প্রকাশ করেছে। যেসব প্রার্থী এই মাসের ২১ থেকে ২৪ তারিখের মধ্যে বি.ই. বা বি.টেকের পেপার ওয়ান পরীক্ষায় অংশগ্রহণ করবেন, তারা NTA-র সরকারি ওয়েবসাইট jeemain.nta.nic.in থেকে তাদের অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন।পরীক্ষাটি দুটি শিফটে অনুষ্ঠিত হবে। সকালের শিফট হবে সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত, আর বিকেলের শিফট হবে বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

*****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩০তম পর্ব| প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন| my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে| ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে|

*****************************

**Hindu Conference :**

কৈলাশহরের R.K.I ময়দানে আজ সনাতনী হিন্দু সন্মেলন অনুষ্ঠিত হয়। সন্মেলনে বক্তারা তাঁদের ভাষনে সনাতনী সংস্কৃতি, চেতনা ও ঐতিহ্যকে রক্ষা করা এবং একে উর্ধ্বে তুলে ধরার আহ্বান জানিয়ে বক্তব্য রাখেন, শশীকান্ত পান্ডে, চন্দ্রকান্ত সিংহ, রাজেশ ওরাং প্রমুখ। অনুষ্ঠানে গায়ত্রী মন্ত্র,গীতা আবৃত্তি, সরস্বতী বন্দনা, দেশভক্তিমূলক সংগীত ইত্যাদি পরিবেশিত হয়।

*****************************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে ।আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*****************************

*****************************